ট্রান্স ওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেণ্ডার, মে ২০২৩

১। ঈশ্বরের বিষয় – প্রিয় ঈশ্বর, আমি তোমাকে আমার প্রভু এবং আমার ঈশ্বর হিসাবে স্বীকার করছি।তুমি সর্বদা আমার জন্য পথ তৈরী করে দিচ্ছ বলে আমি তোমার কাছে কৃতজ্ঞ।তোমার পথে চলার জন্য অবিরত আমাকে তোমার প্রতি দৃষ্টিপাত করতে সাহায্য করো।আমি বিশ্বাস করি যখন আমার সামনে কোনও পথ নেই বলে মনে হয় তখনও তুমি আমার জন্য পথ তৈরী করতে পারো।তুমি যেখানে আমাকে চালাবে সেখানে বিশ্বাসে সাহসের সঙ্গে পদক্ষেপ ফেলতে আমাকে অনুগ্রহ দাও (যিশাইয় ৪৩:১৯)।

২।ভয় কোরো না – প্রিয় যীশু, আমি তোমার প্রভুত্বের কাছে বশীভূত হই।আমাকে সঠিক পথে পরিচালিত করার জন্য আমি তোমার উপর আস্থা রাখি।আমি যখন বিপদের সংকেত পাই এবং ভীতি অনুভব করি, তখন আমাকে স্মরণ করিয়ে দিও যে তুমি আমার মেষপালক। সমস্ত সংঘর্ষের মধ্যে আমাকে সাহসী থাকতে সাহায্য করো। সেই কারণে, আমি কোনও মন্দের বিষয়ে ভয় পাই না°•গীত ২৩:৪)

৩।ঈশ্বরের উত্তম কাজ – হে ঈশ্বর, আগে আমি আমার জীবন সমস্ত রকমের জঞ্জালে পূর্ণ করেছিলাম।তারপর, আমি তোমার প্রতি আমার দৃষ্টি হারিয়েছিলাম এবং তুমি আমার জন্য যা কিছু করেছিলে সব আমি ভুলেগিয়েছিলাম। কিন্তু এখন আমি জানি যে আমার কাজ কখনও সন্তোষজনক ছিল না, সুতরাং আমি তোমার পরামর্শের জন্য অপেক্ষা করি। আমার মাধ্যমে তোমার উত্তম কাজগুলো সম্পাদন করার বিষয় আমি তোমার উপর আস্থা রাখি। (গীত ১০৬:১৩)

৪। বিশ্বাস করা হচ্ছে দেখা – প্রিয় প্রভু, এক সময় আমি মনে করতাম দেখা মানেই ছিল বিশ্বাস করা।কিন্তু তোমার পথ সর্বদা বিশ্বাসের মাধ্যমে অনুগ্রহের দ্বারা হয়।এখন আমি বুঝতে পারি যে আমি যখন বিশ্বাস করি, আমি দেখতে পাই। হে প্রভু, আমাকে বিশ্বাসের অনুগ্রহ দাও যাতে আমি তোমাকে বিশ্বাস করতে পারি এবং নিজেকে দেখতে পারি। আমার বিশ্বাসকে দৃষ্টিতে পরিণত করার জন্য তোমাকে ধন্যবাদ! (মার্ক ৯:২৪)

৫। ঈশ্বরের কর্মী – প্রিয় ঈশ্বর, আমি তোমার কর্মী।আমি উপলব্ধি করি যে আমার শ্রমের উৎস অবশ্যই তোমার কাছ থেকে আসে। সেই কারণে, আমার মাধ্যমে কাজ করার জন্য আমি তোমার উপর আস্থা রাখি।আমার বিশ্বাসে স্থির থাকতে এবং তোমাতে অবিচল থাকতে আমাকে অনুগ্রহ দাও।তোমার সঙ্গে যুক্ত হয়ে আমার

পরিশ্রম কখনও ব্যর্থ না হওয়ার বিষয়টি আমাকে দেখানোর জন্য তোমাকে ধন্যবাদ! (১ করিন্থীয় ১৫:৫৮)

৬। চতুর এবং সরল – "অতএব তোমরা সর্পের ন্যায় সতর্ক ও কপোতের ন্যায় অমায়িক হও" (মথি ১০:১৬)।একটি সাপ যেভাবে তার মাথার যত্ন নেয়, দ্রুত এবং সুনির্দিষ্টভাবে আক্রমণ করে তা আমাদের মনে করিয়ে দেয় যে আমাদের মন এবং হৃদয়কে সর্বদা ঈশ্বরের ইচ্ছা এবং সময়ের সঙ্গে এক সুরে মিলিয়ে চলতে হবে। প্রার্থনা করুন যাতে আপনার নম্র এবং মৌলিক সাক্ষ্য খ্রীষ্টকে গৌরবান্বিত করে।

৭। থামবেন না – "আর আমিই যে তোমাদের জন্য প্রার্থনা করিতে বিরত হইয়া সদাপ্রভুর বিরুদ্ধে পাপ করিব, তাহা দূরে থাকুক; আমি তোমাদিগকে উত্তম ও সরল পথ শিক্ষা দিব"(১ শমূয়েল ১২:২৩)।শমূয়েলের মতো, আমাদেরও সুনির্দিষ্টভাবে প্রার্থনার পরিচর্যা করতে হবে। ঈশ্বর আমাদের বিশ্বস্ত হতে সাহায্য করুন।

৮।ভবিষ্যতের উপর প্রভাব – "কিন্তু যাহারা আমাকে প্রেম করে ও আমার আজ্ঞা সকল পালন করে, আমি তাহাদের সহস্র পুরুষ পর্য্যন্ত দয়া করিব (যাত্রা ২০:৬)।তাঁর আজ্ঞা পালনের মাধ্যমে ঈশ্বরের প্রতি আমাদের ভালোবাসা প্রকাশিত হয়।পরের প্রজন্মের জন্যে আমরা সব থেকে উত্তম এই কাজটিই করতে পারি।

৯। প্রেম আচ্ছাদন করে – "দ্বেষ বিবাদের উত্তেজক, কিন্তু প্রেম সমস্ত অধর্ম্ম আচ্ছাদন করে (হিতোপদেশ ১০:১২)।অন্যদের বিষয়ে আমরা যেভাবে কথা বলি তা আমাদের নিজেদের হৃদয়ের অবস্থা প্রকাশ করে। আমরা যেন পরস্পরের সম্পর্কে ভালোভাবে কথা বলি এবং সচেতনভাবে নেতিবাচক গুজবগুলোকে এড়িয়ে চলি।

১০।বরদানসমূহ – "তোমরা যে যেমন অনুগ্রহদান পাইয়াছ, তদনুসারে ঈশ্বরের বহুবিধ অনুগ্রহ ধনের উত্তম অধ্যক্ষের মত পরস্পর পরিচর্য্যা কর" (১ পিতর ৪:১০)।খ্রীষ্টান হিসাবে আমরা উপলব্ধি করি যে আমাদের বলে কিছুই নেই। আমরা এটি উপভোগ করি, এর দ্বারা আমরা অন্যদের সেবা করি এবং এর জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই।

১১।বিশ্বস্ততা – "তোমার উনুই ধন্য হউক, তুমি আপন যৌবনের ভার্য্যায় আমোদ কর (হিতোপদেশ ৫:১৮)। ঈশ্বর বিবাহে বিশ্বস্ততাকে আশীর্ব্বাদ করেন।স্বামী স্ত্রী

পরস্পরকে উৎসাহিত করতে পারেন এবং আনন্দ উপভোগ করতে পারেন। অবিশ্বস্ততা অনেক যন্ত্রণা এবং কষ্টভোগ আনে যা থেকে ঈশ্বর আমাদের বিরত করতে চান।

১২।উৎসাহ – পৃথিবীর বিভিন্ন জায়গা থেকে আসা সংবাদগুলো আমাদের চিন্তিত এবং দুর্দশাগ্রস্ত করতে পারে। ঈশ্বরকে ধন্যবাদ দিন কারণ সমস্ত কিছু তাঁর নিয়ন্ত্রণে আছে, আমাদের চারিদিকে যাই ঘটুক না কেন সেটা কোনও বিষয় নয়, এবং প্রার্থনা করুন যে সহবিশ্বাসীদের তাঁর মহিমার বিষয় স্মরণ করানোর যে কোনও সুযোগের ব্যবহার করতে তিনি যেন আপনাকে উৎসাহিত করেন।(মথি ২৮:১৮)

১৩।ভালোবাসা – খ্রীষ্টের অনুগামীরা পরস্পরের প্রতি যে ভালোবাসা এবং চিন্তা দেখায় তার ফলে অগণিত লোকেরা খ্রীষ্টকে তাদের ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করে। প্রার্থনা করুন যাতে আপনার জন্য আপনার জীবন উচ্চরবে যীশুর ভালোবাসার কথা বলে। (রোমীয় ১২:১০)

১৪।প্রতিফলনকারী – চাঁদ যেমন সূর্যের আলো প্রতিফলিত করে, তদ্রূপ আপনি এমনভাবে ঈশ্বরের ভালোবাসা প্রতিফলিত করতে পারেন যেন এটি অন্যদের কাছে দৃশ্যমান হয়।প্রার্থনা করুন যাতে আপনার মধ্যে দিয়ে ঈশ্বর যে কাজ করছেন তা অন্যদের দেখানোর জন্য আপনি যেন তাঁর ভালোবাসা এবং করুণা প্রতিফলিত করতে পারেন। (মথি ৫:১৬)

১৫।সহভাগিতা – আমরা যখন একা থাকি অথবা সহ বিশ্বাসীদের সংস্পর্শে থাকি না তখন একজন খ্রীষ্টান হিসাবে জীবনযাপন করা সহজ নয়। প্রার্থনা করুন যাতে ঈশ্বর তাঁর জ্ঞানে এবং তাঁর বাক্যের প্রতি ভালোবাসা সম্পর্কে অন্য বিশ্বাসীদের বৃদ্ধিতে সাহায্য করতে আপনাকে ব্যবহার করেন। (গালাতীয় ৬:২)

১৬।উদাহরণ – প্রার্থনা করুন যাতে পুরুষরা উদাহরণ হওয়ার দ্বারা অন্যদের পরিচালনা করার এবং শক্তিশালী করার আরও অধিক ইচ্ছুক হওয়ার দর্শন লাভ করতে পারেন। আপনিও বিশ্বাসীদের জন্য উদাহরণ স্থাপন করতে পারেন। (১ তীমথিয় ৪:১২)

১৭।উৎকর্ষসমূহ – নম্রতা এবং বিশ্বস্ততা হচ্ছে সম্মানীয় গুণাবলী। নম্রতা এবং সঙ্গতিপূর্ণভাবে পরিচালিত করতে পুরুষদের সাহায্য করার জন্য ঈশ্বরের কাছে

যাচ্ঞা করুন। আপনি যদি কাউকে ভালোবেসে সহ্য করেন তাহলে তিনিও আপনাকে সাহায্য করতে সক্ষম।(ইফিষীয় ৪:২)

১৮।সাহস – ঈশ্বরীয় নেতৃত্বের জন্য সাহসের প্রয়োজন।প্রার্থনা করুন পুরুষরা যেন প্রভুতে এবং তাঁর শক্তির মধ্যে রোপিত তাদের সাহসের অন্বেষণ করে। তিনি যখন আহ্বান করেন, তখন আপনি নির্ভয়ে অনুসরণ করতে পারেন।(যিহোশূয় ১:৯)

১৯।নেতৃত্ব – প্রার্থনা করুন যাতে পুরুষরা তাদের দুর্বল নের্তৃত্ব সম্পর্কে সৎ হয়, তাদের দুর্বলতা স্বীকার করে এবং ক্ষমা প্রার্থনা করে,তারপর তারা যেন ঘরে এবং কর্মক্ষেত্রে ঈশ্বরীয় নের্তৃত্বে জীবনযাপন করতে শুরু করে। (যাকোব ৫:১৬)

২০।অনুকরণযোগ্য আদর্শগুলি – "তোমরা আমার আদর্শ অনুকরণ করো, যেমন আমি খ্রীষ্টের আদর্শ অনুকরণ করি" (১ করি ১১:১)।প্রার্থনা করুন যেন পুরুষরা ঈশ্বরীয় আদর্শগুলি এবং পরামর্শদানকারীদের অনুকরণ করার জন্য বেছে নেয় যারা তাদের নের্তৃত্বের ভূমিকার মধ্যে তাদেরকে উৎসাহিত করতে পারে।

২১।আত্ম-পরীক্ষা – "কিন্তু প্রত্যেক জন নিজ নিজ কর্ম্মের পরীক্ষা করুক, তাহা হইলে সে কেবল আপনার কাছে শ্লাঘা করিবার হেতু পাইবে, অপরের কাছে নয়; কারণ প্রত্যেক জন নিজ নিজ ভার বহন করিবে" (গালাতীয় ৬:৪)।সতর্ক এবং দায়িত্বশীল হন। আপনার অভিপ্রায়গুলি পরীক্ষা করুন। ঈশ্বরের দ্বারা অনুমোদিত হওয়ার জন্য প্রার্থনা করুন যিনি সকল বিষয়গুলি বিচারে আনবেন।

২২। ঈশ্বরে প্রত্যাশা রাখুন – "যাহারা এই যুগে ধনবান্, তাহাদিগকে এই আজ্ঞা দেও, যেন তাহারা গর্ব্বিতমনা না হয়, এবং ধনের অস্থিরতার উপরে নয়, কিন্তু যিনি ধনবানের ন্যায় সকলই আমাদের ভোগার্থে যোগাইয়া দেন, সেই ঈশ্বরেরই উপরে প্রত্যাশা রাখে" (১ তীমথিয় ৬:১৭)।মানুষের হৃদয় প্রবঞ্চক এবং এখানে এবং এখন কী অর্জন করা যাবে সেই বিষয়ের সঙ্গে সহজেই যুক্ত হয়ে যায়। বিচক্ষণতা এবং অবিচল বিশ্বাসের জন্য প্রার্থনা করুন।

২৩। জ্যোতির মধ্যে জীবনযাপন করুন – "যে বলে, আমি জ্যোতিতে আছি, আর আপন ভ্রাতাকে ঘৃণা করে, সে এখনও অন্ধকারে রহিয়াছে" (১ যোহন ২:৯)।প্রভুকে নিজেকে প্রকাশ করতে দিন এবং আপনার গভীরতম অভিপ্রায়গুলিকে এবং আকাঙ্খাগুলিকে স্পষ্টরূপে প্রকাশ করতে দিন। সমস্ত অন্তর দিয়ে তাঁকে ধন্যবাদ

দিন কারণ তিনি আপনার সমস্ত পাপের মূল্য পরিশোধ করার জন্য মৃত্যুবরণ করেছিলেন এবং আপনাকে তাঁর ক্ষমা এবং অনুগ্রহের পাত্রে পরিণত করতে দিন।

২৪। ক্ষমা – "আর আমাদের অপরাধ সকল ক্ষমা কর, যেমন আমরাও আপন আপন অপরাধীদিগকে ক্ষমা করিয়াছি" (মথি ৬:১২)। ঈশ্বরের অপূর্ব স্বাধীনতা এবং ক্ষমার শর্ত হচ্ছে যারা আমাদের অনিষ্ট করেছে তাদের ক্ষমা করতে প্রস্তুত থাকা। ক্ষমা করতে দেরী করবেন না; এটি আপনাকে তিক্ততা এবং আবেগ এবং মানসিক হতাশার মধ্যে চালিত করবে।প্রতিদিন মন থেকে প্রভুর প্রার্থনা করুন।

২৫।স্বজাতিদম্ভ – "যিহূদী কি গ্রীক আর হইতে পারে না, দাস কি স্বাধীন আর হইতে পারে না, নর ও নারী আর হইতে পারে না, কেননা খ্রীষ্ট যীশুতে তোমরা সকলেই এক" (গালা ৩:২৮)।স্বজাতিদম্ভ থেকে মুক্ত হওয়ার জন্য প্রার্থনা করুন কারণ যারা আপনার নিজের সাংস্কৃতিক অভিজ্ঞতা এবং সামাজিক মর্যাদা থেকে ভিন্ন এটি আপনাকে তাদের গুরুত্বকে খাটো করে দেখার মানসিকতা তৈরী করবে।খ্রীষ্টের প্রেম আপনার মাধ্যমে অন্যদের সাদরে গ্রহণ করতে চায়।

২৬।অনুগ্রহ – "কেননা তোমরা আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ জ্ঞাত আছ; তিনি ধনবান হইলেও তোমাদের নিমিত্ত দরিদ্র হইলেন, যেন তোমরা তাঁহার দরিদ্রতায় ধনবান্ হও" (২ করি ৮:৯)। ঈশ্বরের এই বিহ্বলকারী অনুগ্রহ সম্ভ্রমকারী এবং আমাদের উপলব্ধির উর্দ্ধে! আপনার জন্য তাঁর কাছে যে অতুলনীয় ধন আছে তার জন্যে তাঁকে ধন্যবাদ দিন এবং তাঁর প্রশংসা করুন।

২৭। দৃষ্টিভঙ্গী – "কারণ আমার চিত্ত তাপিত হইল, আমার মর্ম্ম বিদ্ধ হইল; আমি মূর্খ ও অজ্ঞান, তোমার কাছে পশুবৎ ছিলাম" (গীত ৭৩:২১)।অবিচার এবং মন্দের সাফল্যের মধ্যে, আমাদের দৃষ্টিভঙ্গী হারিয়ে ফেলা সহজ। যদি মন্দ লোকেরা এবং পরিস্থিতিগুলো আপনার অন্তরকে তাদের খপ্পরে ধরে রাখে তাহলে আপনার ফোকাস সংশোধন করুন। প্রভু এখনও রাজত্ব করেন!

২৮।অনির্ভরযোগ্য – "অতএব কল্যকার নিমিত্ত ভাবিত হইও না ... দিনের কষ্ট দিনের জন্যই যথেষ্ট" (মথি ৬:৩৪)।পুরুষ হিসাবে আমরা নিয়ন্ত্রণের মধ্যে থাকতে ভালোবাসি। কঠিন লোকেরা এবং পরিস্থিতিগুলো আমাদের চ্যালেঞ্জ জানায়। কিন্তু জীবন অনির্ভরযোগ্য বা অস্থির। সর্বদা প্রভুতে আস্থা রাখতে প্রস্তুত হন। আগামীকাল

আপনার যে আবেগসংক্রান্ত শক্তির প্রয়োজন হবে তা আজ খরচ করার বিষয়টি এড়িয়ে চলুন।

২৯। সুসমাচার – "কেননা আমি সুসমাচার সম্বন্ধে লজ্জিত নহি; কারণ উহা প্রত্যেক বিশ্বাসীর পক্ষে পরিত্রাণার্থে ঈশ্বরের শক্তি" (রোমীয় ১:১৬)।আমাদের নিশ্চিতভাবে যারা কর্তৃত্বে আছেন এবং আমাদের সমাজের কল্যাণে যাদের অবদান আছে তাদের সকলের জন্য প্রার্থনা করা উচিৎ। কিন্তু আমরা আরও অধিক উত্তম কাজ করতে পারি। যীশু খ্রীষ্টের জন্য একজন আনন্দপূর্ণ সাক্ষী হওয়ার জন্য প্রার্থনা করুন।

৩০। আত্মসংযম – "কিন্তু আমি তোমাদিগকে বলিতেছি, যে কেহ কোন স্ত্রীলোকের প্রতি কামভাবে দৃষ্টিপাত করে, সে তখনই মনে মনে তাহার সহিত ব্যভিচার করিল" (মথি ৫:২৮)।বিক্রয় মনস্তত্ব পুরুষদের মনস্তত্ব অধ্যয়ন করে এবং অশ্লীল চিত্র বিক্রী করে। আপনি অবশ্যই এর দ্বারা বিপন্ন হবেন না। আত্ম-সংযমের জন্য প্রার্থনা করুন। আপনার চোখের বিষয়ে সজাগ থাকুন এবং আপনার সারা জীবন প্রভুকে সম্মান করুন।

৩১। প্রত্যেক পুরুষ একজন যোদ্ধা – "ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা পরিধান কর, যেন দিয়াবলের নানাবিধ চাতুরীর সম্মুখে দাঁড়াইতে পার" (ইফিষীয় ৬:১১)। জীবনটা পার্কে ঘুরে বেড়ানোর জন্য নয়। আমরা ভালো এবং মন্দের যুদ্ধের মধ্যে আছি। যুদ্ধের জন্য প্রস্তুত হন; নিম্নলিখিত ওয়েবসাইটে কার্যকারী পাঠক্রমের বিষয়গুলি তালিকাবদ্ধ করুন। https://everymanawarrior.com.

যোগাযোগের জন্য: ট্রান্স ওয়ার্ল্ড রেডিও ইণ্ডিয়া, পোস্ট ব্যাগ নং -১, পোস্টঃ জোকা কোলকাতা ৭০০১০৪,

You tube : TWR India Bengali

ওয়েব সাইটঃ www.twr.in

আজকের চিন্তার জন্যঃ ৮৩৩৭০১২৪৩৩ নম্বরে ওয়াটস্ আপ্ করুন।